

প্রেস বিজ্ঞপ্তি

শাসক নয় বরং সেবক হিসেবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কাজ করতে হবে

-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

ঢাকা, ২২/১২/২০১৫


শাসক হিসেবে নয় বরং সেবক হিসেবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কাজ করতে হবে। উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত হতে হবে। কর্মকর্তাদের দক্ষ হিসেবে গড়ে তুলতে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক আজ ঢাকায় বিসিএস প্রশাসন একাডেমীতে ৯৪তম ও ৯৫তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানে এসব কথা বলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, দেশের উন্নয়নে জনগণের সেবা করার সুযোগ সঠিকভাবে কাজে লাগাতে হবে। দ্রুততম সময়ে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে তৎপর থাকতে হবে।

এসময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বলেন, কর্মকর্তাদের জ্ঞান ও দক্ষতাকে এ দেশের সাধারণ জনগোষ্ঠীর সেবায় কাজে লাগাতে হবে। নিষ্ঠার সাথে কাজ করলে বাংলাদেশ অতিক্রমত বদলে যাবে।

৫ মাস ব্যাপী এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমীর রেক্টর মোহাম্মদ আব্দুল্লাহ।



মোঃ তোহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫